

রাগ এবং ঠাটে কী তফাৎ

রাগ ও ঠাটের সম্বন্ধে ইতিপূর্বে যে বিস্তারিত আলোচনা করা হয়েছে, তার থেকে এই দুটির বৈশিষ্ট্য বুঝতে নিশ্চয়ই কারো অসুবিধে হয়নি। তবু আরেকবার দুটিকে পাশাপাশি রেখে দেখা যাক দুটির মধ্যে কী কী পার্থক্য রয়েছে।—

॥ ঠাট ॥

- ১। সাতটি স্বরের কম বা বেশি দিয়ে ঠাট রচনা করা যায় না।
- ২। ঠাটের স্বরগুলি সা রে গ ম প ধ নি—এই ক্রম অনুসারে সাজাতে হয়।
- ৩। ঠাটের শুধুই আরোহ হয়, অবরোহের প্রয়োজন হয় না।
- ৪। ঠাটের স্বর-রচনা চিত্তবিনোদনকারী হয় না।
- ৫। ঠাটের নামকরণ হয়—ঠাট থেকে উৎপন্ন কোন প্রধান রাগের নাম অনুসারে।

মনে রাখতে হবে, ঠাট এবং রাগের নাম এক হলেও দুটির মধ্যে অনেক তফাৎ আছে।

॥ রাগ ॥

- ১। সাত, ছয় কিংবা পাঁচ স্বর দিয়ে রাগ রচনা করা যায়।
- ২। রাগের স্বরগুলি ক্রমানুসারে না সাজালেও চলে। অনেক বক্র-গতির রাগ আছে।
- ৩। রাগের আরোহ এবং অবরোহ—দুইয়েরই প্রয়োজন আছে।
- ৪। চিত্তবিনোদনকারী গুণ রাগ-রচনায় অনিবার্য।
- ৫। ঠাটের নাম অনুসারে রাগের নাম রাখা হয় না। রাগের নামেই ঠাট হয়।